প্রথম আলো

তারিখ ... 13 APR ২০০৭
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৩

# বিদ্যালয়ের ভেতরে ছাত্রীর ওপর এসিড নিক্ষেপ!

নিজস্ব প্রতিবেদক, কিশোরগঞ্জ ও হাওরাঞ্চল প্রতিনিধি ●

কিশোরগঞ্জের অষ্টগ্রাম উপজেলার আব্দুল্লাহপুর ইউনুস আলী উচ্চবিদ্যালয়ের অষ্টম শ্রেণীর ছাত্রী সোনিয়া (১৪) বিদ্যালয়ের ভেতরেই এসিড-সন্ত্রাসের শিকার হয়েছে। রাজীব মিয়া (১৬) নামের স্থানীয় এক বখাটে কিশোর সিরিঞ্জের মাধ্যমে ছাত্রীটির ওপর এসিড ছুড়ে মারে। এতে তার পিঠ ও হাত ঝলসে যায়। ঘটনার পরই বিদ্যালয়ের ছাত্ররা স্থানীয় পুলিশের সহায়তায় রাজীবকে আটক করে। গত শনিবার এ ঘটনা ঘটে।

আহত সোনিয়াকে প্রথমে অষ্টগ্রাম উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। গতকাল রোববার তাকে উন্নত চিকিৎসার জন্য কিশোরগঞ্জ আধুনিক সদর হাসপাতালে স্থানান্তর করা হয়েছে। সে আব্দুল্লাহপুর পশ্চিমপাড়া গ্রামের লোকমান হেকিমের মেয়ে।

পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানায়, অষ্টম শ্রেণীর ছাত্রী সোনিয়া শনিবার সকালে যথারীতি বিদ্যালয়ে যায়। বেলা ১১টার দিকে বিদ্যালয়ে থাকা অবস্থায় একই শ্রেণীর রাজীব মিয়া সিরিঞ্জ দিয়ে তার গায়ে এসিড নিক্ষেপ করে। এ সময় আরও এক ছাত্রীর শরীরে এসিডের ফোঁটা পড়ে।

সোনিয়ার পারিবারিক সূত্র অভিযোগ করে, তার সহপাঠী রাজীব দীর্ঘদিন ধরেই তাকে উত্ত্যক্ত করছিল। রাজীব বিভিন্ন সময় প্রেমের প্রস্তাব দিয়েও ব্যর্থ হয়। এ কারণেই প্রতিশোধ নেওয়ার জন্য সে সোনিয়াকে এসিড ছুড়ে মারে। তবে রাজীব এখন আর লেখাপড়া করে না।

আব্দুল্লাহপুর ইউনুস আলী উচ্চবিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আইউব আলী জানান, ঘটনার সঙ্গে সঙ্গে ছাত্ররা বাজার থেকে রাজীবকে ধরে আনার পর বিদ্যালয় পরিচালনা কমিটির সিদ্ধান্তেই তাকে পুলিশে সোপর্দ করা হয়েছে। এসিডে আরও এক ছাত্রী সামান্য আহত হয় বলে তিনি জানান।

অষ্টগ্রাম থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. জহিরুল ইসলাম খান জানান, এ ব্যাপারে সোনিয়ার চাচা শাহজাহান মিয়া বাদী হয়ে অষ্টগ্রাম থানায় এসিড অপরাধ দমন আইনে একটি মামলা করেন। রাজীবকে আদালতের মাধ্যমে গতকাল জেলহাজতে পাঠানো হয়েছে।